# Times Today BD

সিনিয়র রিপোর্টার | জাতীয় | 23 April, 2025

ভারতের জম্মু ও কাশ্মীরে সন্ত্রাসী হামলার ঘটনায় নিরীহ মানুষের প্রাণহানির তীব্র নিন্দা জানিয়েছে বাংলাদেশ

বুধবার (২৩ এপ্রিল) পররাষ্ট্র মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এই নিন্দা জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, বাংলাদেশ নিহতদের পরিবারের প্রতি গভীর সমবেদনা জানাচ্ছে এবং এই নির্বোধ সহিংসতার ঘটনায় ক্ষতিগ্রস্ত সবার প্রতি আন্তরিক সহানুভূতি প্রকাশ করছে।

বাংলাদেশ বিশ্বব্যাপী সন্ত্রাসবাদের বিরুদ্ধে লড়াইয়ে তার অটল প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করছে।

পররাষ্ট্র মন্ত্রণালয়

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 14:54

URL: https://www.timestodaybd.com/national/1334781261